“সোনার বাংলায় মুজিববর্ষে
সমাজকল্যাণ এগিয়ে চলে”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
www.dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০২০.১৬.০০৫.২০. ৯৬৫

তারিখ: ১৯ ফাল্গুন ১৪২৭ / ০৪ মার্চ ২০২১

বিষয়: ফেব্রুয়ারি ২০২১ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) প্রেরণ।

সূত্র: সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ০১ জানুয়ারি ২০২০ তারিখের ৪১.০০.০০০০.০২৪.১৬.০০৩.১৮(অংশ-২)-০১ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্ধারিত “ছক” মোতাবেক সমাজসেবা অধিদফতরের ফেব্রুয়ারি ২০২১ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণানামতে (সফট কপি ই-মেইলে প্রেরণ করা হলো)।

শেখ রফিকুল ইসলাম
মহাপরিচালক
ফোন: ৫৫০০৭০২৪
ফ্যাক্স: ৪৮১১৮৫৭৮
ই-মেইল: dg@dss.gov.bd

সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# মন্ত্রণালয়/বিভাগসমূহের মাসিক প্রতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নামঃ সমাজসেবা অধিদফতর।
প্রতিবেদনাধীন মাসের নাম : ফেব্রুয়ারি ২০২১ প্রতিবেদন প্রস্তুতির তারিখ : ০২-০৩-২০২১ খ্রি:

(১) প্রশাসনিক

ক.১ কর্মকর্তা/কর্মচারির সংখ্যা (রাজস্ব বাজেটে ) :

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| মন্ত্রণালয় | -- | -- | -- | -- |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস ( মোট পদ সংখ্যা ) | ১২,৯৮৪ | ১০,৪৭১ | ২৫১৩ | |
| মোট | ১২,৯৮৪ | ১০,৪৭১ | ২৫১৩ | |

ক.২ শূন্য পদের বিন্যাস :

| অতিরিক্ত সচিব/তদুর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন-ডিসি/এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | ১৬৭ | ৫০৫ | ১২৮৬ | ৫৫৫ | ২৫১৩ |

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা :

পরিচালক -১টি
অতিরিক্ত পরিচালক -১টি
উপপরিচালক -১৪টি
সমাজসেবা অফিসার/সমমান -১৫১টি

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান :

| প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| -- | -- | -- | -- | -- | -- | -- |

ক.৫ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে) : প্রযোজ্য নয়।

| | মন্ত্রী | | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী | | সচিব | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ভ্রমণ/পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | - | - | - | - | - | - | - |

খ.২. উপরিউক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা : প্রযোজ্য নয়।

২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য)

ক. অপরাধ সংক্রান্ত : প্রয়োজ্য নয়।

খ. দ্রুত বিচার আইনের প্রয়োগঃ প্রয়োজ্য নয়।

গ. জেলে বন্দীর সংখ্যাঃ প্রয়োজ্য নয়।

গ.১ মৃত্যুদন্ড প্রাপ্ত আসামি সংক্রান্ত : প্রয়োজ্য নয়।

ঘ. প্রশাসনিক প্রয়োজনে কোন বিধি বিধান জরুরিভাবে প্রণয়ন বা সংশোধনের প্রয়োজন অনুভূত হলে তার বর্ণনাঃ প্রয়োজ্য নয়।

(৩) অর্থনৈতিক (অর্থ বিভাগের জন্য) : প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত তথ্যঃ

(ক) উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্তঃ (অঙ্কে ও কথায়) :

| বর্তমান অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা | প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৩৮০.৪২২১ কোটি টাকা (তিনশত আশি কোটি বিয়াল্লিশ লক্ষ একুশ হাজার টাকা) | ৯৪.০৮৫৫ (চুরানব্বই কোটি আট লক্ষ পঞ্চান্ন হাজার টাকা) ২১% | – | ২৪/০২/২০২১, ২৫/০২/২০২১। |

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত তথ্য :

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো | আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| – | – | ১। ভবন নির্মাণ।<br>২। হাসপাতাল ভবন নির্মাণ।<br>৩।প্রবীণ/প্রবীণাদের জন্য আবাসিক ভবন নির্মাণ। | -- |

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয় পূরণ করবে)

ক. কৃষি/শিল্প পণ্য, সার, জ্বালানি ইত্যাদিঃ প্রযোজ্য নয়।

খ. কোন বিশেষ সামগ্রী/সার্ভিসের উৎপাদন বা সরবরাহ মূল্যের ক্ষেত্রে বড় রকমের সমস্যা বা সঙ্কটের আশঙ্কা করা হলে তার সংক্ষিপ্ত বর্ণনাঃ প্রযোজ্য নয়।

গ. বিদ্যুৎ সরবরাহ (মেগাওয়াট) : প্রয়োজ্য নয়।

ঘ. বিদ্যুতের সিস্টেম লস (শতকরা হারে) : প্রয়োজ্য নয়।

ঙ. ডেসার লোডশেডিং- এর সময়কাল (ঘন্টায়) : প্রয়োজ্য নয়।

চ. জ্বালানী তেলের সরবরাহ (মেট্রিক টন): প্রযোজ্য নয়।

ছ. ঢাকা-চট্টগ্রাম মেট্রো এলাকায় পানি সরবরাহ (হাজার গ্যালন): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান : প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

| মন্ত্রণালয়/ সংস্থার নাম | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | ব্রডশীটে জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা। | সাধারণ-১৭১টি<br>অগ্রীম- ৬৭টি<br>২৩৮ টি | ৭৩৮০৬১৫৩০<br>৪৯৯৩৫১০১<br>৭৮৭৯৯৬৬৩১<br>(আটাত্তর কোটি উনআশি লক্ষ ছিয়ানব্বই হাজার ছয়শত একত্রিশ) | ফেব্রুয়ারি/২১ মাস পর্যন্ত ব্রডশীট জবাব ১৫ টি | সাধারণ-০৫টি<br>অগ্রীম- ০৮টি<br>১৩টি<br><br>টাকার পরিমান<br>সাধারণ= ৪৪৯৯৮১০<br>অগ্রীম= ২৮৪৭৭৫২০<br>মোট= ৩২৯৭৭৩৩০ | সাধারণ-১৬৬টি<br>অগ্রীম- ৫৯টি<br>২২৫টি<br><br>টাকার পরিমান<br>সাধারণ= ৭৩৩৫৬১৭২০<br>অগ্রীম= ২৮৪৭৭৫২০<br>মোট= ৭৫৫০১৯৩০১ | ডিসেম্বর ২০২০ মাসের ২৪ তারিখ ১৩ টি অগ্রীম আপত্তি নিষ্পত্তির সুপারিশের লক্ষ্যে ত্রিপক্ষীয় সভা আহবানের জন্য কার্যপত্র প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে ১৯/১/২১ তারিখ অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। |

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা ও বিভাগীয় মামলা (মন্ত্রণালয় ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):

| মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে বর্তমান মাসে মামলার সংখ্যা | মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে মোট মামলার সংখ্যা (১+২) | গত মাসে নিষ্পত্তির সংখ্যা | | | | বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা | বর্তমানে অনিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা (৩-৭) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | চাকুরীচ্যুত /বরখাস্ত | অন্যান্য দন্ড | অব্যাহতি | মোট (৪+৫+৬) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ৯৪ | ১১ | ১০৫ | ০০ | ০০ | ০১ | ০১ | ৫০ | ১০৪<br>১ম শ্রেণির ৩০টি,<br>২য় শ্রেণির ০৪টি,<br>৩য় শ্রেণির ৪৭টি,<br>৪র্থ শ্রেণির ২৩ টি<br>মোট = ১০৪ টি |

(৯) **মানবসম্পদ উন্নয়ন**

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি :

| প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| Training Course on Administration &Development (TCAD) | ২২ ফেব্রুয়ারি হতে ০৪ মার্চ ২০২১ | জাতীয় সমাজসেবা একাডেমি | ২৯ জন |
| ইনহাউজ | ০২ ফেব্রুয়ারি হতে ০৪ ফেব্রুয়ারি ২০২১ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা | ০৯ জন |
| দারিদ্র বিমোচন ও সামাজিক নিরাপত্তা ব্যবস্থাপনা | ১৪ ফেব্রুয়ারি হতে ১৮ ফেব্রুয়ারি ২০২১ | | ২৪ জন |

| | | | |
|---|---|---|---|
| দারিদ্র বিমোচন ও সামাজিক নিরাপত্তা কার্যক্রম ব্যবস্থাপনা | ০৭ ফেব্রুয়ারি হতে ১১ ফেব্রুয়ারি ২০২১ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা | ২১ জন |
| প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা ও শিশুর মনোসামাজিক সুরক্ষা | ১৪ ফেব্রুয়ারি হতে ১৮ ফেব্রুয়ারি ২০২১ | | ২৬ জন |
| Digital Office Management on Computer Application | ৩১ জানুয়ারি হতে ০৪ ফেব্রুয়ারি ২০২১ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী | ২৬ জন |
| দারিদ্র বিমোচন ও সামাজিক নিরাপত্তা কার্যক্রম ব্যবস্থাপনা | ১৪ ফেব্রুয়ারি হতে ১৮ ফেব্রুয়ারি ২০২১ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, সিলেট | ২৫ জন |
| পেশাগত দক্ষতা বৃদ্ধি ও মানোন্নয়ন | ০৩ দিন | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল | ২৯ জন |
| দারিদ্র বিমোচন ও সামাজিক নিরাপত্তা কার্যক্রম ব্যবস্থাপনা | ০৫ দিন | | ৩৩ জন |
| পেশাগত দক্ষতা বৃদ্ধি ও মানোন্নয়ন | ০৩ দিন | | ৩০ জন |
| ব্যাসিক ট্রেড কোর্স | ৩ (তিন) মাস | সমাজসেবা অধিদফতর শহর সমাজসেবা কার্যালয় | ১০,৯৬৬ জন |
| বৃত্তিমূলক প্রশিক্ষণ (সেলাই, গবাদি পশু পালন, ক্ষুদ্রব্যবসা এবং হাঁস-মূরগী পালন) | সংক্ষিপ্ত প্রশিক্ষণ | সমাজসেবা অধিদফতর উপজেলা সমাজসেবা কার্যালয় (পল্লী সমাজসেবা কার্যক্রম) | ৩৪,৮৬৯জন। |
| বৃত্তিমূলক প্রশিক্ষণ (সেলাই, গবাদি পশু পালন, ক্ষুদ্রব্যবসা এবং হাঁস-মূরগী পালন) | সংক্ষিপ্ত প্রশিক্ষণ | সমাজসেবা অধিদফতর উপজেলা সমাজসেবা কার্যালয় (পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম) | ৪২,৯৮৩ জন। |

খ. মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক গত মাসে ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা :

| মন্ত্রণালয়/অধিদপ্তর | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের তারিখ | অংশগ্রহণকারীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| সমাজসেবা অধিদফতর | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন ও বাস্তবায়নে দক্ষতা উন্নয়ন | ১০ হতে ১১ ফেব্রয়ারি ২০২১ | ১৭ জন | |
| | -ঐ- | ১৪ হতে ১৫ ফেব্রয়ারি ২০২১ | ২০ জন | |
| | -ঐ- | ১৬ হতে ১৭ ফেব্রয়ারি ২০২১ | ২০ জন | |
| | -ঐ- | ২২ হতে ২৩ ফেব্রয়ারি ২০২১ | ২৩ জন | |

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারিদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা : নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্ দা জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্ দা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি নাঃ প্রযোজ্য নহে।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা : নেই ।

(১০) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের উল্লেখযোগ্য কার্যাবলী/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট : বিভিন্ন কার্যালয়ে/ প্রতিষ্ঠানে ১ম শ্রেণির ১৬৭ জন, ২য় শ্রেণির ৫০৫ জন, ৩য় শ্রেণির ১২৮৬ জন এবং ৪র্থ শ্রেণির ৫৫৫ জন মোট ২ হাজার ৫১৩ জন জনবল না থাকায় কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা : নেই।

খ). প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলী :

কার্যক্রম :

(০১) ২০২০-২১ অর্থবছরে বাজেটে বয়স্কভাতা খাতে ৪৯ লক্ষ জন, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতা খাতে ২০ লক্ষ ৫০ হাজার জন, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা খাতে ১৮ লক্ষ জন এবং প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি খাতে ০১ লক্ষ উপকারভোগীর জন্য যথাক্রমে ২ হাজার ৯৪০ কোটি টাকা, ১ হাজার ২৩০ কোটি টাকা, ১ হাজার ৬২০ কোটি টাকা এবং ৯৫ কোটি ৬৪ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে।

(০২) সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদফতরের মাধ্যমে বয়স্কভাতা, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতা এবং অসচ্ছল প্রতিবন্ধী ভাতা কার্যক্রম সোনালী, জনতা, অগ্রণী, বাংলাদেশ কৃষি এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের আওতায় ভাতাভোগীর নিজস্ব একাউন্টের মাধ্যমে ভাতার অর্থ প্রদান করা হচ্ছে।

(০৩) ২০২০-২১ অর্থবছর পর্যন্ত দেশের ২১টি জেলার ৭৭ টি উপজেলার ৭১৭ টি ইউনিয়ন/পৌরসভায় প্রায় ১১ লক্ষ ৬৫ হাজার ৩৬৭ জন ভাতাভোগীর মাঝে এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে ইলেকট্রনিক উপায়ে (G2P) ভাতা পরিশোধ করা হচ্ছে।

(০৪) ২০২০-২১ অর্থবছর থেকে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস "নগদ" এর মাধ্যমে ৩৯ টি জেলা এবং "বিকাশ" এর মাধ্যমে ২৩টি জেলার বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তির টাকা জিটুপি পদ্ধতিতে বিতরণ কার্যক্রম শুরু হয়েছে। গত ১৪ জানুয়ারি ২০২১ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী জিটুপি পদ্ধতিতে মোবাইল ফাইনান্সিয়াল সার্ভিস নগদ ও বিকাশ এর মাধ্যমে ভাতা বিতরণ কার্যক্রম শুভ উদ্বোধন করেন।

(০৫) ফেব্রুয়ারি ২০২১ পর্যন্ত ভাতা ব্যবস্থাপনা সিস্টেম Management Information System (MIS)এ মোট ৮৭ লক্ষ ৫০ হাজার জন বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ও অসচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগীদের মধ্যে প্রায় ৭৩ লক্ষ ৫১ হাজার জনের ডাটা এন্ট্রি ও ৬৩ লক্ষ ৪৮ হাজার ডাটা ভেলিডেশন করা হয়েছে এবং এন্ট্রিকরণ ও ভেলিডেশনের কাজ চলমান রয়েছে।

(০৬) ২০২০-২১ অর্থবছরের ১ম কিস্তির অর্থ মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে।

(০৭) ২০২০-২১ অর্থবছরে চা শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচি খাতে ৫০ হাজার উপকারভোগীর জন্য বরাদ্দকৃত ২৫ কোটি টাকা মাঠ পর্যায়ে ছাড়করণ করা হয়েছে।

(০৮) সমাজসেবা অধিদফতর কর্তৃক ত্রাণ বিতরণের জন্য অদ্যাবধি সমাজকল্যাণ মন্ত্রণালয় থেকে ৩ কোটি টাকা ও মন্ত্রণালয় অধীন বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ থেকে ২৩ কোটি ৪৭ লক্ষ সহ সর্বমোট ২৬ কোটি ৪৭ লক্ষ টাকা জনসংখ্যার আনুপাতিক হারে দেশের সকল জেলা ও উপজেলা পর্যায়ে প্রেরণ করা হয়েছে। এছাড়াও সমাজসেবা অধিদফতরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দের ব্যক্তিগত অনুদান, সমাজসেবা অধিদফতর থেকে নিবন্ধন প্রাপ্ত স্থানীয় স্বেচ্ছাসেবী সংস্থাসমূহের অনুদানেও ত্রাণ সামগ্রী বিতরণ কার্যক্রম পরিচালনা করা হয়েছে। মার্চ/২০২০ থেকে সেপ্টেম্বর/ ২০২০ পর্যন্ত ২,৬৫,৪৭১ জন দুঃস্থ রোগীকে চিকিৎসা সহায়তা প্রদান করা হয়েছে। ১০ জুন ২০২০ পর্যন্ত সারাদেশে ২,৮০,৩৪৩ জন ব্যক্তিকে করোনাকালীন ত্রাণ সহায়তা প্রদান করা হয়েছে। দুঃস্থ রোগীদের কল্যাণে মার্চ/২০২০ থেকে সেপ্টেম্বর/২০২০ পর্যন্ত ৮ কোটি ৯৬ লক্ষ ২৪ হাজার ২৫ টাকা ব্যয় করা হয়েছে। করোনাকালীন ত্রাণ বিতরণ কার্যক্রমে সারাদেশে মোট ব্যয়ের পরিমাণ ৯ কোটি ৩১ লক্ষ ৪৭ হাজার ৯৯০ টাকা। সমাজসেবা অধিদফতর থেকে সারাদেশে করোনা ভাইরাসকে প্রতিরোধ করা এবং জনসচেতনতামূলক সম্পর্কিত ৩ ধরনের পোস্টার ও ১ ধরনের লিফলেট বিতরণ করা হয়েছে।

(০৯) সাধারণ ছুটির মধ্যে সারাদেশে সামাজিক নিরাপত্তা কর্মসূচি ও ত্রাণ কার্যক্রম পরিচালনার সাথে সরাসরি মাঠপর্যায়ে সম্পৃক্ত থাকায় গত ২৮ ফেব্রুয়ারি ২০২১ পর্যন্ত সমাজসেবা অধিদফতরের ৩১০ জন কর্মকর্তা-কর্মচারী কোভিড-১৯ আক্রান্ত হয়েছে।

(১০) ২০২০-২১ অর্থবছরের বাজেটে সুদমুক্ত ক্ষুদ্রঋণ (আরএসএস এবং দগ্ধ ও প্রতিবন্ধী) কার্যক্রমের ১ম কিস্তির অর্থ বিনিয়োগের জন্য তাগিদপত্র প্রেরণ করা হয়েছে। ২য় কিস্তির অর্থ ছাড়করণের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(১১) a2i এর সহযোগিতায় ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনা সিস্টেম/ Micro Credit Monitoring System (MCMS) সফটওয়ার সার্ভার বরাদ্দের জন্য ICT মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(১২) অর্থ আত্মসাতকারীদের ফৌজদারী মামলা/বিভাগীয় মামলাসমূহ নিষ্পত্তির জন্য প্রচেষ্টা চালানো হয়েছে।

**প্রতিবন্ধিতা সনাক্তকরণ জরিপ কর্মসূচি :**

(১) ২০১১-২০২১ অর্থবছর থেকে দেশব্যাপী প্রতিবন্ধিতা সনাক্তকরণ জরিপ কর্মসূচি চলমান রয়েছে। এ পর্যন্ত এন্ট্রিকৃত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ২২ লক্ষ ৩১ হাজার ৩৩৬ জন।

(২) ফেব্রুয়ারি ২০২১ মাসে এন্ট্রিকৃত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ২২ হাজার ৮৯৪ জন এদের মাঝে আইডি কার্ড বিতরণ করা হচ্ছে।

<u>প্রতিষ্ঠান :</u>

খ). প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলী :

(১) ইআরসিপিইইচ এবং জাতীয় দৃষ্টি প্রতিবন্ধী প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র, টঙ্গী, গাজীপুর এর সার্বিক নিরাপত্তা জোরদারকরণের নিমিত্ত ১০ (দশ) জন অঙ্গীভূত আনসার সদস্য নিয়োগের লক্ষ্যে প্রশাসনিক অনুমোদন প্রদানের অনুরোধ জানিয়ে অধিদফতর হতে স্মারক নং ৪১.০১.০০০০.০৬৩.১৮.০০৬.১৮.৩১ তারিখ ০১ ফেব্রুয়ারি ২০২১ যোগে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে পত্র প্রেরন করা হয়েছে।

(২) "বাংলা নববর্ষ"-১৪২৮ ও "ঈদুল ফিতর"-২০২১ উপলক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর শুভেচ্ছা কার্ডের জন্য ৩৬ (ছত্রিশ) জন অটিস্টিক ও অন্যান্য প্রতিবন্ধী শিশু শিল্পীর আঁকা ৪৩ (তেতাল্লিশ) টি ছবি (শিল্পীর জীবন বৃত্তান্ত ও দুই কপি পাসপোর্ট সাইজ ছবিসহ) অধিদফতর হতে গত ০৯ ফেব্রুয়ারি, ২০২১ তারিখ প্রটোকল অফিসার - ১, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় বরাবর প্রেরন করা হয়েছে।

(৩) সরকারি শিশু পরিবার (বালক), গোপালগঞ্জ এর নিবাসি জুবায়ের খান এর মৃত্যুর কারণ অনুসন্ধানের জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সমাজসেবা অধিদফতর কর্তৃক গঠিত ৩(তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি সরেজমিন ঘটনাস্থল পরিদর্শন পূর্বক তদন্ত করে প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনটি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অধিদফতর হতে স্মারক নং ৪১.০১.০০০০.০৬২.১৮.০০৫ .২০.৪২ তারিখ ১০ ফেব্রুয়ারি ২০২১ যোগে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরন করা হয়েছে।

(৪) সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত ৮৫টি সরকারি শিশু পরিবারে চলতি ২০২০-২০২১ অর্থবছরে নিবাসিদের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান স্বাস্থ্যবিধি মেনে ও সামাজিক দুরত্ব বজায় রেখে আগামী ৩১ মার্চ ২০২১ এর মধ্যে সম্পন্ন করার অনুরোধ জানিয়ে অধিদফতর হতে ১১ ফেব্রুয়ারি ২০২১ তারিখ জেলা সমাজসেবা কার্যালয়ের সকল উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(৫) সমাজসেবা অধিদফতরাধীন গাজীপুর জেলার ৪ (চার)টি আবাসিক প্রতিষ্ঠানে শিশুদের আনন্দময় শিক্ষা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে প্রাথমিক শিক্ষা অধিদফতর এর আওতাধীন Social Enhancement Programme SEEP এর সহায়তায় 'উপ আনুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম' চালু করার জন্য অধিদফতর হতে ১৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখ অনুমোদন প্রদান করা হয়েছে।

(৬) ২৭ জানুয়ারি ২০২১ তারিখ সমাজকল্যাণ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার ক্রম ১৬ এর 'জ' তে গৃহীত সিদ্ধান্ত মোতাবেক বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রস্তুত করে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অধিদফতর হতে স্মারক নং ৪১.০১.০০০০.০৬২.০৬.০০১.১৩.৪৫ তারিখ ১১ ফেব্রুয়ারি ২০২১ যোগে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে পত্র প্রেরন করা হয়েছে।

(৭) সরকারি শিশু পরিবার (বালক), সিরাজগঞ্জে কর্মরত কুক/বাবুর্চি জনাব শামছুজ্জামান নদী ভাঙ্গনে ক্ষতিগ্রস্থ ঘরবাড়ি তৈরীর জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় বরাবর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার আর্থিক সাহায্য চেয়ে প্রেরিত আবেদনপত্রটি সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অধিদফতর হতে স্মারক নং ৪১.০১.০০০০.০৬২.১৮.০১৩.১৬.৪০ তারিখ ১৫ ফেব্রুয়ারি ২০২১ যোগে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে পত্র প্রেরন করা হয়েছে।

(৮) মুজিব বর্ষ উপলক্ষে পবিত্র কোরআন খতম এর হালনাগাদ প্রতিবেদন পত্র প্রাপ্তির ৩ (তিন) কর্মদিবসের মধ্যে অধিদফতরে প্রেরণের অনুরোধ জানিয়ে অধিদফতর হতে ১৭ ফেব্রুয়ারি ২০২১ তারিখ জেলা সমাজসেবা কার্যালয়ের সকল উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(৯) মুজিব বর্ষ উপলক্ষে ইতিমধ্যে সম্পাদিত ১০০৫০০ বার পবিত্র কোরআন খতম ও ১৭ মার্চ ২০২১ জাতীয় শিশু দিবস উপলক্ষে আয়োজিত ভার্চুয়াল দোয়া মাহফিলে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অংশগ্রহণের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের দৃষ্টি আকর্ষনের অনুরোধ জানিয়ে অধিদফতর হতে স্মারক নং ৪১.০১.০০০০.০৬৩.২৩.০০১.২০.৮৯ তারিখ ১৮ ফেব্রুয়ারি ২০২১ যোগে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে পত্র প্রেরন করা হয়েছে।

**গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা :**

(১) সমাজসেবা ভবনের প্রবেশদ্বার ও অভ্যন্তরে ২ টি ডিজিটাল ডিসপ্লে মনিটরে সিটিজেন চার্টার প্রদর্শনপূর্বক প্রচারণা।

(২) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত দিকনির্দেশনা বাস্তবায়নের জন্য ১০ টি টিভিসি (প্রতিটি ১ মিনিট) যথা- সামাজিক নিরাপত্তা, প্রতিবন্ধিতা/অটিজম কার্যক্রম, হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন, হাসপাতাল সমাজসেবা কার্যক্রম ও সুদমুক্ত ক্ষুদ্রঋণ সংক্রান্ত টিভিসি প্রস্তুতপূর্বক ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার করা হয়েছে।

(৩) সমাজসেবা অধিদফতরের ভবন প্রাঙ্গনে ও মূল ভবনে সরকারি সেবা সম্বলিত টিভিসি, জিঙ্গেল, তথ্য, ডকুমেন্টারী ডিজিটাল ডিসপ্লে মনিটরে প্রদর্শনপূর্বক প্রচারণা চলমান রয়েছে।

(৪) বিভিন্ন দিবস উপলক্ষে সমাজসেবা অধিদফতরের সামগ্রিক কার্যক্রম সম্বলিত লিফলেট মুদ্রণ ও বিতরণ করা হয়েছে।

(৫) সমাজসেবা অধিদফতরের সদর দফতর ও অন্যান্য কার্যালয়ে সরকারি সেবা কার্যক্রম সংশ্লিষ্ট ১৮ টি স্টিকার বিলবোর্ড স্থাপন করা হয়েছে।

(৬) ইউটিউবে সমাজসেবা অধিদফতরের সরকারি সেবা কার্যক্রমের ভিডিও আপলোড।

(৭) পত্রিকায় বিজ্ঞাপন, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় টিভি স্ক্রলসহ টেলিভিশন, বেতারে প্রচারণার মাধ্যমে জনগণকে অবহিতকরণ করা হয়।

(৮) সমাজসেবা অধিদফতর থেকে সারাদেশে করোনা ভাইরাসকে প্রতিরোধ করা এবং জনসচেতনতামূলক সম্পর্কিত ৩ ধরনের পোস্টার ও ১ ধরনের লিফলেট বিতরণ করা হয়েছে।

(৯) সমাজসেবা অধিদফতরের অফিসিয়াল ফেসবুক পেজে (https://www.facebook.com/ dss.gov.bd) এ করোনা মোকাবলায় সমাজসেবা অধিদফতরের গৃহীত বিভিন্ন পদক্ষেপের হালনাগাদ তথ্য সর্বসাধারণের অবগতির জন্য প্রচার করা হচ্ছে।

(১০) সমাজসেবা অধিদফতরের কোভিড-১৯ মোকাবলায় গৃহীত কার্যক্রমের বিষয়ে বিভিন্ন পদক্ষেপসমূহ নিয়মিত ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে।

গ. আগামী ২ মাসে (মার্চ ২০২১, এপ্রিল ২০২১) সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

ক) প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা: প্রযোজ্য নহে;

খ) প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ / উল্লেখযোগ্য কর্মকান্ড:

(০১) ২০২০-২১ অর্থবছরে ক্ষুদ্রঋণ বাবদ বরাদ্দপ্রাপ্ত সর্বমোট (আরএসএস এবং দগ্ধ ও প্রতিবন্ধী) ৫১.৮২ কোটি টাকার মধ্যে ২য় কিস্তি বাবদ ১২ কোটি ৯৫ লক্ষ ৫০ হাজার টাকা যথাসময়ে উপজেলা পর্যায়ে প্রেরণ ও বিনিয়োগ নিশ্চিতকরণ।

(০২) ২০টি উপজেলার ক্ষুদ্রঋণের হিসাব নিরীক্ষা সম্পন্ন করা হবে।

(০৩) আত্মসাৎ সংক্রান্ত ফৌজদারী মামলা/বিভাগীয় মামলাসমূহ নিষ্পত্তির জন্য প্রচেষ্টা জোরদার করা হবে।

(০৪) মুজিব বর্ষ উপলক্ষে জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রবর্তিত সুদমুক্ত ক্ষুদ্রঋণ এর সাকসেস ষ্টোরি প্রকাশ চলমান থাকবে।

(০৫) পল্লী সমাজসেবা (আরএসএস) কার্যক্রম এবং দগ্ধ ও প্রতিবন্ধী পুনর্বাসন কার্যক্রমের নীতিমালা বাস্তবতার নিরিখে সংশোধনের পূর্ব খসড়া সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

(০৬) ২০২০-২১ অর্থবছরে ক্ষুদ্রঋণ বাবদ বরাদ্দপ্রাপ্ত সর্বমোট (আরএমসি) ২২ কোটি টাকার মধ্যে ২য় কিস্তি বাবদ ০৩ কোটি ৭৫ লক্ষ টাকা যথাসময়ে উপজেলা পর্যায়ে প্রেরণ ও বিনিয়োগ নিশ্চিতকরণ।

(০৭) কোভিড -১৯ পরবর্তী গ্রামীণ অর্থনীতির চাকা সচল রাখার লক্ষ্যে বিনিয়োগ ও পুনঃবিনিয়োগের টার্গেট নির্ধারণ করে লক্ষ্যমাত্রা অর্জনের জোর প্রচেষ্টা চালানো অব্যাহত রাখা হবে।

(০৮) সমাজসেবা অধিদফতরের অধীন ওয়েব বেইজড Management Information System (MIS) এর আওতায় সারাদেশে বয়স্ক, বিধবা এবং প্রতিবন্ধী ভাতার সুবিধাভোগীদের তথ্যাদি MISএ সন্নিবেশনের কাজ চলবে।

(০৯) সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির আওতায় পরিচালিত সকল ভাতা কার্যক্রম ও দারিদ্র্য নিরসন কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত মনিটরিং ব্যবস্থা আরো জোরদার করা হবে।

(১০) সরকারি যোগাযোগের ক্ষেত্রে ই-মেইল ব্যবহার সম্প্রসারণের নিমিত্ত ডোমেইনভূক্ত ই-মেইল ব্যবহার জোরদার করা হবে।

০৩/০৩/২১

০৩.০৩.২১
মোছাঃ নাসরিন সুলতানা
সমাজসেবা অফিসার (আর ও)
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
সমাজসেবা অধিদফতর
আগারগাঁও, ঢাকা।

০৩/০৩/২০২১
মোহাম্মদ রেজাউর রহমান
উপপরিচালক
সমাজসেবা অধিদফতর

০৩/২১
মোঃ আবু মাসুদ
পরিচালক (প্রশাসন ও অর্থ)

(১১) ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে কম্পিউটার, ইন্টারনেট, ওয়েব সাইট, ই-টেন্ডারিং, ই-ফাইলিং ও ইউনিকোড ব্যবহার সংক্রান্ত সুযোগ-সুবিধা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ।

(১২) সমাজসেবা অধিদফতরের নিজস্ব ICT ল্যাবে কর্মকর্তা-কর্মচারিদের ICT প্রশিক্ষণ চলমান থাকবে।

ঘ. আগামী দুই মাসে (মার্চ ২০২১, এপ্রিল ২০২১) বড় রকমের কোন সমস্যা/সঙ্কটের আশঙ্কা করা হলে তার বিবরণ:- নেই।

শেখ রফিকুল ইসলাম
মহাপরিচালক
ফোন: ৫৫০০৭০২৪
ফ্যাক্স: ৪৮১১৮৫৭১
ই-মেইল: dg@dss.gov.bd